# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ৩০ অক্টোবর, ২০০৫ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | **কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ**<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

**<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ</u>**

(১) ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ হুমায়ূন কবীর রাজু, পিএসসি, জিডি(পি) -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৪) মেজর আব্দুর রশিদ আকন্দ -- সদস্য
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

(৬) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী -- সদস্য
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস।

(৭) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ আব্দুর রাশেদ লস্কর (অবঃ), মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন, মহাখালী ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ আব্দুল খালেক (অবঃ) সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ, ঢাকা সেনানিবাস।

উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ গত ২৯ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ ২৯ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ সেপ্টেম্বর, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেপ্টেম্বর, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ ঃ সেপ্টেম্বর, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেপ্টেম্বর, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

**চলমান পাতা-২**

প্রস্তাব নং-৪ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ০১(এক)টি গ্রুপ টয়লেট ০১(এক) বছরের জন্য ইজারার নিমিত্তে বিজ্ঞপ্তি প্রচার করা হলে সন্তোষজনক দর না পাওয়ায় পরপর ০৪(চার) বার দরপত্র আহবান করা হয়। সর্বশেষ গত ১১ অক্টোবর, ২০০৫ তারিখে দরপত্র আহবান করা হলে ০১ (এক)টি দরপত্র পাওয়া যায়। যাতে জনাব মোঃ আব্দুল গাফফার, পিতা মৃত আব্দুল আজিজ, 8 নং কে বি রোড, থানা-সূত্রাপুর, ঢাকা-১২০৪ কর্তৃক ১,১২,৫০০/-(এক লক্ষ বার হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়। উল্লেখ্য যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের Public Procurement Regulations, 2003 এর ৩১(৭) ও ৩১(১২) ধারায় সন্তোষজনক একক দরপত্র অনুমোদন করার বিধান রয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ০১(এক)টি গ্রুপ টয়লেট ০১(এক) বছরের জন্য ইজারার নিমিত্তে ১,১২,৫০০/-(এক লক্ষ বার হাজার পাঁচশত) টাকার দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাকুঞ্জের উত্তর গেইট হতে পোস্ট অফিস পর্যন্ত রোপণের জন্য ১৩ (তের) প্যাকেট ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে ১৩ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে দরপত্র আহ্বান করা হলে ২২ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭, মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৩,৬০০/- (তিন হাজার ছয়শত) টাকা হিসেবে ১৩ (তের) প্যাকেট বীজের জন্য ৪৬,৮০০/- (ছেচল্লিশ হাজার আটশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ১৩ (তের) প্যাকেট ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী কর্তৃক প্রদত্ত ৪৬,৮০০/- (ছেচল্লিশ হাজার আটশত) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনা কেন্দ্রীয় মসজিদ এলাকায় ও রাস্তার পার্শ্বে রোপণের জন্য ৪৬(ছেচল্লিশ) প্যাকেট সালভিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে ২৫ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৪ অক্টোবর, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭, মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৯০০/-(নয়শত) টাকা হিসেবে ৪৬ (ছেচল্লিশ) প্যাকেট বীজের জন্য ৪১,৪০০/- (একচল্লিশ হাজার চারশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ৪৬(ছেচল্লিশ) প্যাকেট সালভিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী কর্তৃক প্রদত্ত ৪১,৪০০/- (একচল্লিশ হাজার চারশত) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৩

প্রস্তাব নং-৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাঙ্গীর গেইট এলাকায় রোপণের জন্য ১১ (এগার) প্যাকেট ডায়াস্থাস ফুলের বীজ সরবরাহের নিমিত্তে ২৮ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে দরপত্র আহ্বান করা হলে ১০ অক্টোবর, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭, মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা হিসেবে ১১(এগার) প্যাকেট বীজের জন্য ৪৯,৫০০/-(উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ১১ (এগার) প্যাকেট ডায়াস্থাস ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী কর্তৃক প্রদত্ত ৪৯,৫০০/-(উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো ।

প্রস্তাব নং-৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনা ভবনের লনের জন্য ০৬(ছয়) ট্রাক সিলেট বালু সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ২০ অক্টোবর, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স জাহানারা ট্রেডার্স, গ্রাম-আলমনগর, থানা-নবীনগর, জেলা-বি, বাড়ীয়া কর্তৃক প্রদত্ত প্রতি ট্রাক সিলেট বালু ৩,৮০০/- (তিন হাজার আটশত) টাকা হিসেবে ২২,৮০০/-(বাইশ হাজার আটশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ০৬(ছয়) ট্রাক সিলেট বালু সরবরাহের নিমিত্তে মেসার্স জাহানারা ট্রেডার্স কর্তৃক প্রদত্ত প্রতি ট্রাক সিলেট বালু ৩,৮০০/- (তিন হাজার আটশত) টাকা হিসেবে ২২,৮০০/-(বাইশ হাজার আটশত) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৯ ঃ ঢাকা সেনানিবাসে স্বাধীনতা সরণি এলাকায় রোপণের জন্য এন্টারহেনাম ২০(বিশ) প্যাকেট, ডায়টান্থাস ০৩(তিন) প্যাকেট, ইনকা ০৭(সাত) প্যাকেট ফুলের বীজ সরবরাহের নিমিত্তে গত ১১ অক্টোবর, ২০০৫ তারিখে দরপত্র আহ্বান করা হলে ২০ অক্টোবর, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭, মিরপুর-১১, ঢাকা কর্তৃক এন্টারহেনাম ২০(বিশ) প্যাকেট প্রতি প্যাকেট ৫২০/-(পাঁচশত বিশ) টাকা হিসেবে ১০,৪০০/-(দশ হাজার চারশত) টাকা, ডায়াস্থাস ০৩(তিন) প্যাকেট প্রতি প্যাকেট ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা হিসেবে ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত) টাকা, ইনকা ০৭ (সাত) প্যাকেট প্রতি প্যাকেট ৩,৬০০/- (তিন হাজার ছয়শত) টাকা হিসেবে ২৫,২০০/-(পঁচিশ হাজার দুইশত) টাকাসহ মোট ৪৯,১০০/- (উনপঞ্চাশ হাজার একশত) টাকার সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ এন্টারহেনাম ২০(বিশ) প্যাকেট, ডায়টান্থাস ০৩(তিন) প্যাকেট, ইনকা ০৭(সাত) প্যাকেট ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী কর্তৃক প্রদত্ত ৪৯,১০০/- (উনপঞ্চাশ হাজার একশত) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো ।

**চলমান পাতা-৪**

প্রস্তাব নং-১০ ঃ পবিত্র ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহার জামাত অনুষ্ঠিত হওয়া উপলক্ষে সেনানিবাস জামে মসজিদ ঈদগাহ মাঠে ত্রিপলসহ বিছানা চাদর দিয়ে সাজানো এবং দুটি গেইট তৈরীর নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ১৮ অক্টোবর, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সাগর ডেকোরেটর, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস প্রতি ঈদের জন্য ৩৪,০০০/-(চৌত্রিশ হাজার)টাকার সর্বনিম্ন দর প্রদান করেন। উক্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে পবিত্র ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহার জামাত অনুষ্ঠিত হওয়া উপলক্ষে সেনানিবাস জামে মসজিদ ঈদগাহ মাঠে ত্রিপলসহ বিছানা চাদর দিয়ে সাজানো এবং দুটি গেইট তৈরীর নিমিত্তে মেসার্স সাগর ডেকোরেটর কর্তৃক প্রদত্ত ৩৪,০০০/-(চৌত্রিশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১১ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকান করার জন্য খালি জায়গা বরাদ্দ চেয়ে ওয়ারেন্ট অফিসার মোঃ আবুল ফজল (অবঃ), মাধুরিকা, ১৩/সি, ঢাকা সেনানিবাস ২৮ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে অত্র দপ্তরে একখানা আবেদনপত্র পেশ করেছেন। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। বর্তমানে রজনীগন্ধা সুপার মার্কেটে বরাদ্দযোগ্য কোন দোকান বা দোকানের জন্য খালি জায়গা আছে কিনা ? থাকলে প্রস্তাবসহ পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১২ ঃ ঢাকা সেনানিবাসস্থ রজনীগন্ধা সুপার মার্কেটে মুরগী জবাইখানার নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। উক্ত মুরগী জবাইখানা ইজারা প্রদানের নিমিত্তে প্রণীত খসড়া শর্তাবলীর উপর আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে খসড়া শর্তাবলী বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসস্থ রজনীগন্ধা সুপার মার্কেটে মুরগী জবাইখানা ইজারা প্রদানের নিমিত্তে উপস্থাপিত খসড়া নীতিমালার উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে নিম্নবর্ণিতভাবে ১৬ (ষোল)টি মুরগী জবাইখানা ইজারা প্রদানের শর্তাবলী অনুমোদন করা হলো ঃ-

(১) ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটে নবনির্মিত মুরগী জবাই খানার বরাদ্দ ফি বাবদ এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা (অফেরতযোগ্য) ক্যান্টনমেন্ট বোর্ড ফান্ডে জমা করতে হবে।

(২) দোকানের পজেশন গ্রহণের পূর্বে ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

(৩) প্রতিটি দোকানের মাসিক ভাড়া ৫০০/- (পাঁচশত) টাকা। যে তারিখ হতে দোকান হস্তান্তর করা হবে সে তারিখ হতে দোকান ভাড়া পরিশোধ করতে হবে। প্রতি মাসের দোকান ভাড়ার টাকা পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় প্রতিদিন বিলম্বের জন্য ৫/- (পাঁচ) টাকা হারে জরিমানাসহ ভাড়া পরিশোধ করতে হবে। কোন দোকানের ভাড়া ০২(দুই) মাসের অধিক বকেয়া হলে কর্তৃপক্ষ কর্তৃক ইজারা বাতিল করা হবে।

চলমান পাতা-৫

(৪) দোকান বরাদ্দের সময়কাল হবে ০৩(তিন) বছর। দোকান বরাদ্দের উক্ত মেয়াদ উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত শর্তে নবায়ন করা যেতে পারে।

(৫) কর্তৃপক্ষের পূর্বানুমতি সাপেক্ষে বরাদ্দলাভকারী কর্তৃক দোকান হস্তান্তর করতে পারবেন। হস্তান্তর করার সময় অত্র দপ্তরে ১০,০০০/- (দশ হাজার) টাকা হস্তান্তর ফি জমা দিতে হবে।

(৬) বরাদ্দকৃত দোকানে শুধুমাত্র মুরগী জবাই খানা হিসেবে ব্যবসা করতে হবে। কোন ক্রমেই ব্যবসার প্রকৃতি পরিবর্তন করা যাবে না।

(৭) দোকান বরাদ্দলাভকারীকে নিজ দায়িত্বে পানি ও বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে এবং মুরগী জবাই খানা ও তৎসংলগ্ন এলাকা স্বাস্থ্যসম্মতভাবে সব সময় পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

(৮) মুরগী জবাই খানা সকাল হতে রাত ৮:০০ টা পর্যন্ত মুরগী জবাই করা যাবে। অন্য সময় মুরগী জবাই খানা নিজ দায়িত্বে পরিস্কার-পরিচ্ছন্ন করে রাখতে হবে। অন্যথায় দোকানের বরাদ্দ তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে।

(৯) মুরগী জবাই খানা কোন ক্রমেই উপ-বন্দোবস্ত/ভাড়া দেয়া যাবে না।

(১০) মুরগী জবাই খানার বরাদ্দ যে কোন সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে। দাপ্তরিক প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে দোকানের বরাদ্দ যে কোন সময় বাতিল করা যাবে এবং এ জন্য কোন আদালতের স্মরণাপন্ন হওয়া যাবে না।

প্রস্তাব নং-১৩ ঃ ঢাকা সেনানিবাসস্থ রজনীগন্ধা সুপার মার্কেটের রাস্তা/ফুটপাত হতে গত ১০ অক্টোবর, ২০০৫ তারিখে জব্দকৃত মালামাল তাৎক্ষণিক নিলামের মাধ্যমে আদায়কৃত ৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকার নিলাম অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৯ নং প্লটে নির্মিত বাড়ীর বি/১ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মিসেস রোকেয়া ওয়াদুদ এর ২৯ ডিসেম্বর, ২০০২ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মিসেস লাভলী ইয়াসমিন, স্বামী- জনাব মোঃ ইকবাল এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৩ অক্টোবর, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৯ নং প্লটে নির্মিত বাড়ীর বি/১ নং ফ্ল্যাটটি মিসেস লাভলী ইয়াসমিন, স্বামী- জনাব মোঃ ইকবাল এর অনুকুলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ৫/২ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক জনাব মুহাম্মদ ফারুক খান, চেয়ারম্যান, সামিট প্রপার্টিজ এবং কনষ্ট্রাকশন কোম্পানী (প্রাঃ) লিঃ এর ৩০ অক্টোবর, ২০০৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মেজর মীর মোশারফ হোসেন (অবঃ), পিতা-মীর মনির উদ্দিন আহমেদ-এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৯ সেপ্টেম্বর, ২০০৫ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ৫/২ নং ফ্ল্যাটটি মেজর মীর মোশারফ হোসেন (অবঃ), পিতা-মীর মনির উদ্দিন আহমেদ এর অনুকুলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

চলমান পাতা-৬

প্রস্তাব নং-১৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪২/এ নং প্লটে নির্মিত বাড়ীর ২ নং ফ্ল্যাটটি (নীচতলা-দক্ষিণ পার্শ্ব) বাড়ীর মালিক জনাব তৈয়বুর রহমান-এর ২২ আগস্ট, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মিসেস লুৎফুন্নেসা, স্বামী- জনাব নওশের আলী খন্দকার-এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৩ অক্টোবর, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪২/এ নং প্লটে নির্মিত বাড়ীর ২ (নীচতলা-দক্ষিণ পার্শ্ব) নং ফ্ল্যাটটি মিসেস লুৎফুন্নেসা, স্বামী- জনাব নওশের আলী খন্দকার এর অনুকুলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৪/এ নং ফ্ল্যাটটি ইঞ্জিনিয়ার মোঃ আজিজুর রহমান (বাড়ীর মালিক মিসেস প্রীতি করিম এর নিযুক্তীয় আম-মোক্তার), ব্যবস্থাপনা পরিচালক, এ্যাপার্টমেন্ট ডিজাইন এন্ড ডেভঃ লিঃ এর ১৫ মে, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা জনাব খোরশেদ আলম চৌধুরী, পিতা-মরহুম শামসুল আলম সিকদার-এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৮ সেপ্টেম্বর, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/1 নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৪/এ নং ফ্ল্যাটটি জনাব খোরশেদ আলম চৌধুরী, পিতা-মরহুম শামসুল আলম সিকদার এর অনুকুলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৬/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ৩/বি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব মোহাম্মদ মনিরুজ্জামান খান, পিতা-মোঃ মতিউর রহমান খান-এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে অত্র দপ্তরের ০৬ মার্চ, ২০০৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১৬/এফ/৩/বি/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তার ১৮ অক্টোবর, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ৩/বি নং ফ্ল্যাটটি জনাব মোহাম্মদ মনিরুজ্জামান খান, পিতা-মোঃ মতিউর রহমান খান এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৭

প্রস্তাব নং-১৯ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২১ নং প্লটে নির্মিত বাড়ীর বিএন-৫ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব মেহেদী হোসেন, পিতা- বিল্লাল আহমেদ-এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে অত্র দপ্তরের ৩০ মার্চ, ২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২১/ ২৪৬ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীদ্বয়ের নামে নামজারীর ব্যাপারে তার ০৫ অক্টোবর, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত বাড়ীর বিএন-৫ নং ফ্ল্যাটটি জনাব মেহেদী হোসেন, পিতা- বিল্লাল আহমেদ এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২০ ঃ সদর মহাখালী এলাকাস্থ ৪৪ নং বাড়ীর মালিক জনাব এম এফ করীম গত ১৭ মার্চ, ১৯৮২ তারিখে মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুজনিত কারণে মরহুমের রেখে যাওয়া উত্তরাধিকারীগণ তাদের পিতার সদর মহাখালী এলাকাস্থ ৪৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি তাদের নামে নামজারী করার জন্য মৃত্যু সনদপত্র, উত্তরাধিকারী সনদপত্রসহ অত্র দপ্তরে আবেদন করেছেন। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট উত্তরাধিকারীগণের নামে নামজারীর ব্যাপারে তাদের ০৮ আগস্ট, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে সদর মহাখালী এলাকাস্থ ৪৪ নং বাড়ীর মালিক জনাব এম এফ করীম এর মৃত্যুজনিত কারণে তাঁর নিম্নেবর্ণিত উত্তরাধিকারীদের নামে নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নম্বর | নাম | সম্পর্ক |
|---|---|---|
| ১। | মোসাম্মৎ আনোয়ারা বেগম | স্ত্রী |
| ২। | জনাব মোঃ আনিসুর রহমান | পুত্র |
| ৩। | জনাব মোঃ মাছুদুর রহমান | পুত্র |
| ৪। | মোসাম্মৎ সাহানা বেগম | কন্যা |
| ৫। | মোসাম্মৎ লায়লা আরজুমান বানু | কন্যা |

প্রস্তাব নং-২১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মুল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডের ম্যানহোলের উচ্চতা বৃদ্ধিকরণ কাজ। | ৪,২৪,০৫৬/-টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮ নং প্লটে ২য় শ্রেণীর কর্মকর্তাদের জন্য নীচতলার উপর দোতলায় ০২টি বাসস্থান নির্মাণ। | ১৭,৮৭,৮৯১/-টাকা | অনুদান |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বাসা নং-৯১ এর দোতলা মেরামত ও রংকরণ কাজ। | ৪৯,৬৮৪/-টাকা | মেরামত ও রক্ষণারেক্ষণ |
| (৪) | স্টাফ কোয়ার্টার নং ২৫/এ এর ৩য় তলার পূর্ব পার্শ্বের মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ৩৯,৯৪০/-টাকা | মেরামত ও রক্ষণারেক্ষণ |
| (৫) | শহীদ রমিজউদ্দিন কলেজের তিনটি পুরাতন কলাপসিবল গেট অপসারণ করে তিনটি নতুন কলাপসিবল গেট সরবরাহ ও স্থাপন কাজ। | ২০,৮৬৭/-টাকা | মেরামত ও রক্ষণারেক্ষণ |
| (৬) | মহাখালী ডিওএইচএস এলাকার ৩১ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিংকরণ। | ১৫,৮১,১৯৫/-টাকা | অনুদান |
| (৭) | স্টাফ কোয়ার্টার নং-৪/ই এর পানির ট্যাংক এবং বৈদ্যুতিক রিওয়ারিংকরণ কাজ। | ২৯,৪৭৯/-টাকা | মেরামত ও রক্ষণারেক্ষণ |
| (৮) | রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা দোকান নং-১৯ ও ২০ এর মেরামত ও চুন কাজ। | ২৩,৭৭০/-টাকা | মেরামত ও রক্ষণারেক্ষণ |
| (৯) | ক্যান্টনমেন্ট কবরস্থানে মাটি ভরাট ও ফুটপাত নির্মাণসহ বৈদ্যুতিক বাতি স্থাপন। | ৩১,৯৩,০০০/-টাকা | অনুদান |
| (১০) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মেলন কক্ষ নির্মাণ (শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ)। | ৯,১৫,১৮৯/- টাকা | অনুদান |

চলমান পাতা-৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১১) | ক্যান্টনমেন্ট বোর্ড সংলগ্ন গ্যারেজ ও হার্ডস্ট্যান্ড এর উন্নয়ন। | ৩,৪৬,২৩৯/- টাকা | অনুদান |
| (১২)- | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/ডি নং প্লটের দক্ষিণ পার্শ্বে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ৬ তলা ভিতের নীচতলায় ৪টি বাসস্থান নির্মাণ। | ৪১,৮৪,১৫০/- টাকা | অনুদান |
| (১৩) | সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের ভিতরে এবং মহিলাদের নামাজের স্থানের জন্য কার্পেট ক্রয়। | ১,৭০,০০০/- টাকা (বাজার দর) | বোর্ড তহবিল |
| (১৪) | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়ের জন্য ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯/সি নং প্লটে বাসস্থান নির্মাণ। | ৩৪,৪৫,৫০০/- টাকা | অনুদান |
| (১৫) | রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজারের শেড নির্মাণ। | ৬,৫০,০০০/- টাকা | অনুদান |
| (১৬) | মুসলিম মডার্ণ একাডেমীর উত্তর-পূর্ব পার্শ্বের খালি জায়গায় প্রধান শিক্ষক/ সহকারী প্রধান শিক্ষকদের জন্য ৬ তলা ভিতের নীচতলায় ২টি বাসস্থান নির্মাণ। | ৪০,৬৭,০০০/- টাকা | অনুদান |
| (১৭) | শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের দক্ষিণ পার্শ্বে নব-নির্মিত বিল্ডিং এর উপর দোতালায় ৩টি শ্রেণী কক্ষ নির্মাণ। | ২০,৩৫,০০০/- টাকা | অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্রমিক নং-১ এ বর্ণিত প্রকল্পের কাজ শুরু করার পূর্বে ডিওএইচএস বারিধারা পরিষদের নিকট উক্ত কাজের মূল্যানুমান সরবরাহ করে কার্যাদেশ প্রদান করতে হবে। ক্রমিক নং-৬ এ বর্ণিত প্রকল্পের কাজটি আপাততঃ স্থগিত করা হলো। মহাখালী ডিওএইচএস পরিষদ হতে উক্ত এলাকার রাস্তার কাজের অগ্রাধিকার তালিকা সরবরাহ করা হলে তার ভিত্তিতে ক্রমান্বয়ে রাস্তার কাজ সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া ক্রমিক নং-২, ৩, ৪, ৫, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬ ও ১৭-এ উল্লেখিত প্রকল্পসমূহের মূল্যানুমান অনুমোদন করা হলো। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২২ ঃ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা ও ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বাড়ী নির্মাণের ০৭(সাত)টি নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উপস্থাপিত নকশাসমূহের তালিকা নিম্নে প্রদান করা হলো ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল শাহজাহান মিয়া | ৪০৭/৪ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত (ছয়তলা) |
| ২। | ব্রিগেডিয়ার জেনারেল মোস্তাফিজুর রহমান, এনডিসি, পিএসসি | ২০৮ | বারিধারা ডিওএইচএস | ০৬ (ছয়) তলা |
| ৩। | লেঃ কর্ণেল এ এইচ এম দাউদ (অবঃ) | ৩৫৮ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত (ছয়তলা) |
| ৪। | মিসেস জাহানারা বেগম গং | ৫০১ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত (ছয়তলা) |
| ৫। | মেজর শেখ দলিল উদ্দিন আহমেদ (অবঃ) | ২৫৩ | বারিধারা ডিওএইচএস | ৬ তলা |
| ৬। | ক্যাপ্টেন এস এম এইচ কবির, বিএন | ৪৪৯ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত (ছয়তলা) |
| ৭। | মিসেস আমেনা বেগম | সিএস প্লট নং-১৫০ (আংশিক) | লালাসরাই, ঢাকা সেনানিবাস | সংশোধিত (পাঁচতলা) |
| ৮। | কচুক্ষেত পুরান বাজার মসজিদ | সিএস প্লট নং-১৪৫ (আংশিক) | লালাসরাই, ঢাকা সেনানিবাস | সংশোধিত (পাঁচতলা) |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত নকশাসমূহ অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৩ ঃ নিম্নবর্ণিত প্লটসমূহে অত্র দপ্তর কর্তৃক অনুমোদিত নকশার শর্ত মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে নির্মাণ কাজনম্পন্ন না হওয়ায় সংশ্লিষ্ট প্লটের বরাদ্দলাভকারী নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য আরো ০১(এক) বছর সময় প্রার্থণা করে অত্র দপ্তরে আবেদনপত্র পেশ করেছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | মিসেস মাহমুদা জামান | সিএস প্লট নং-৫৮ (আংশিক) | লালাসরাই, | |
| (২) | বিডি-৬০১৫ গ্রুপ ক্যাপ্টেন এম আবুল কালাম আজাদ (অবঃ) | ২৯৭/বি | ডিওএইচএস মহাখালী | |

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে নির্মাণ কাজ সম্পন্ন করার নিমিত্তে ডিসেম্বর, ২০০৬ পর্যন্ত সময় বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৬/বি নং ফ্ল্যাটটি মেজর কে এইচ এ আলম (অবঃ) (বাড়ীর মালিক মিসেস আইরিন পারভীন এর নিযুক্তীয় আম-মোক্তর এর ১৮ সেপ্টেম্বর, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মেজর মোঃ শামসুল আলম চৌধুরী, পিএসসি, পিতা-মোঃ একরামুল হক এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৭ অক্টোবর, ২০০৫ তারিখের ১৩০০/৩০/১০/ নিরাপত্তা নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকুলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৬/বি নং ফ্ল্যাটটি মেজর মোঃ শামসুল আলম চৌধুরী, পিএসসি, পিতা-মোঃ একরামুল হক এর অনুকুলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৪-২০০৫ আর্থিক সনের অনুমোদিত সংশোধিত বাজেট অবলোকন। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১১ অক্টোবর, ২০০৫ তারিখের ৭/এমএলএন্ডসি/ ঢাকা/৪-২/২০০৪-০৫/শা-৩/৮৭ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৪-২০০৫ আর্থিক সনের অনুমোদিত সংশোধিত বাজেট অবলোকন করা হলো।

প্রস্তাব নং-২৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৫-২০০৬ আর্থিক সনে বাস্তবায়নের জন্য মৌলিক নির্মাণ কাজের অনুমোদিত মূল্যানুমান অবলোকন। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৬ অক্টোবর, ২০০৫ তারিখের ৭/এমএলএন্ডসি/ ঢাকা/৪-২/২০০৫-০৬/শা-৩/৩২৯ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৫-২০০৬ আর্থিক সনে বাস্তবায়নের জন্য মৌলিক নির্মাণ কাজের অনুমোদিত মূল্যানুমান অবলোকন করা হলো।

চলমান পাতা-১০

প্রস্তাব নং-২৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ১ম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে নিম্নবর্ণিত ১৬(ষোল) টি প্রতিষ্ঠান অত্র দপ্তরে আবেদন করেন। আবেদকারী প্রতিষ্ঠানসমূহকে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ বিষয়ে সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

| ক্রমিক নং | ফার্মের নাম | ফার্মের মালিকের নাম |
|---|---|---|
| ১। | মেসার্স আল-ফুয়াদ ট্রেডিং | জনাব এ বি ছিদ্দিক |
| ২। | মেসার্স মাল্টিপোল ট্রেড ইন্টারন্যাশনাল | জনাব মোঃ আনিছুর রহমান |
| ৩। | মেসার্স মাহির নির্মাণ প্রকৌশলী | জনাব ফকির শাহজাদা |
| ৪। | মেসার্স শাওন ট্রেডার্স | জনাব সোলায়মান |
| ৫। | মেসার্স একটিভ এন্টারপ্রাইজ | জনাব সৈয়দ শফিকুল ইসলাম |
| ৬। | মেসার্স মিম এন্টারপ্রাইজ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম খান |
| ৭। | মেসার্স মেরীগোল্ড ইঞ্জিনিয়ার্স | জনাব মোঃ সাইফুদ্দিন |
| ৮। | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | জনাব মোঃ রুহুল আলম |
| ৯। | মেসার্স জি, এন, এন্টারপ্রাইজ | জনাব মোঃ হুমায়ুন কবির |
| ১০। | মেসার্স ফরাজী এন্টারপ্রাইজ | জনাব মোঃ আরিফুল ইসলাম ফরাজী |
| ১১। | মেসার্স সোহেল এন্ড ব্রাদার্স | জনাব আব্দুর রহিম |
| ১২। | মেসার্স সেতার এন্টারপ্রাইজ | জনাব তারিকুল আলম |
| ১৩। | মেসার্স যমুনা এসোসিয়েটস্ | জনাব মোঃ ইউনুচ আলী |
| ১৪। | মেসার্স সারাহ ট্রেড এন্ড ইন্টারন্যাশনাল | জনাব এম এ হালিম মিয়া |
| ১৫। | মেসার্স মামুন ট্রেডার্স | জনাব মোঃ মামুন আখতার |
| ১৬। | মেসার্স রহমান ট্রেডার্স | জনাব মোঃ ইসমাইল হোসেন |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে উপস্থাপিত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৮ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা সেনানিসবাসের সীমানা বরাবর ০৩টি ষ্টীলের সাইন বোর্ড নির্মাণ/স্থাপন কাজ। | ৩৯,৯৪৮/-টাকা (এমইএস সিডিউল অব রেইটস্ ২০০২ মোতাবেক) | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১৯.৯৯% উর্ধ্বে | ১০.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২। | অফিসার্স বাসস্থান ক্যান্টনমেন্ট পোস্ট অফিস এলাকায় ১টি স্লিপার নির্মাণ। | ২৩,০০০/-টাকা (এমইএস সিডিউল অব রেইটস্ ২০০২ মোতাবেক) | মেসার্স খান ট্রেডার্স | ১০.০০% উর্ধ্বে | ১০.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৩। | শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এম পি ইউনিট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, বৈদ্যুতিক পোল, সিগন্যাল বাতির পোল, ফুলের চারী, বিউটি স্পট, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, বাসস্ট্যান্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ (গ্রুপ-ক)। | ১,০৪,৫৩৩/-টাকা | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স | ০৬.০০% উর্ধ্বে | ০৯.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৪। | ১৩ এম পি ইউনিট হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, সিগন্যাল বাতির পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, হাজী মহসিনের সামনের বাসস্ট্যান্ড, পুরাতন আর আইএসডির বাসস্ট্যান্ড এর সামনের রাস্তা, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ (গ্রুপ-খ)। | ৯০,১১৫/-টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ০৭.৪০% উর্ধ্বে | ০৯.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

চলমান পাতা-১১

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৫। | স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, জি আই পাইপের রেলিং, বৈদ্যুতিক পোল, সিগন্যাল বাতির পোল, রজনীগন্ধা এমপি চেকপোস্ট ও বাজারের দক্ষিণ পার্শ্বের গ্রীল, বাউন্ডারী দেয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রং করাসহ সাইন বোর্ড লিখার কাজ (গ্রুপ-গ)। | ১,৬৭,৯৫৯/-টাকা | মেসার্স এম আর এন্টারপ্রাইজ | ০৭.৫০% উর্ধ্বে | ০৯.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৬। | শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড এয়ার হাউজের নিকটস্থ পার্ক, জি আই পাইপের রেলিং, বৈদ্যুতিক পোল, সিগন্যাল বাতির পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ(গ্রুপ-ঘ)। | ১,১৭,৫৩৭/-টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ০৪.০০% উর্ধ্বে | ০৯.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৭। | শহীদ মঈনুল রোডের আইল্যান্ড, পুরা আইল্যান্ড আস্তর, গাছের গোড়া, সাইন বোর্ড, বৈদ্যুতিক পোল, সিগন্যাল বাতির পোল, আরপি চেকপোস্ট, শেল বক্স, স্পিড ব্রেকার, বেঞ্চ, গার্ডেন লাইট শেড ইত্যাদি মেরামতসহ রংকরণ (গ্রুপ-ঙ)। | ৩৪,৯০৫/-টাকা | মেসার্স চাষী কনষ্ট্রাকশন | ০৫.০০% উর্ধ্বে | ০৯.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৮। | শিখা অনির্বানের সম্মুখের ফুটপাত, গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, কেন্দ্রীয় মসজিদের সম্মুখের বাহির পার্শ্ব ও ওভারহেড ওয়াটার ট্যাংক, গোলাপ বাগানের গ্রীল ইত্যাদি মেরামতসহ রং করণ (গ্রুপ-চ)। | ৯৬,৪১০/-টাকা | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ | ০৬.৭৫% উর্ধ্বে | ০৯.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৯। | পোস্ট অফিস হতে সেনাকুঞ্জ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও পুরাতন পেট্রোল পাম্পের বাউন্ডারী ওয়াল, বৈদ্যুতিক পোল, ফুলের ড্রাম, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, সিগন্যাল বাতির পোল, গ্যারিসনের সামনের বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল মেরামতসহ গাছের গোড়া চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ (গ্রুপ-ছ)। | ৯৯,৭০১/-টাকা | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ০৫.০০% উর্ধ্বে | ০৯.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১০। | সেনাকুঞ্জ হতে স্টাফ রোডপর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, সিগন্যাল বাতির পোল, বিউটি স্পট, ট্রাফিক আইল্যান্ড ও ছাতা মেরামত, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ (গ্রুপ-জ)। | ৪৮,৬৯২/-টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ০৭.৪০% উর্ধ্বে | ০৯.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১১। | স্টাফ রোড হতে পূর্বদিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, বিউটি স্পট, সমুন্নত স্বাধীনতা গেইট, গ্রীল, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ (গ্রুপ-ঝ)। | ৬৫,৬২৮/-টাকা | মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স | ০৫.০০% উর্ধ্বে | ০৯.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১২। | সিএমএইচ হতে বিএএফ গার্ডরুম পর্যন্ত সাইন বোর্ড, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ (গ্রুপ-ট)। | ৫৮,৯০৬/-টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ০৫.০০% উর্ধ্বে | ০৯.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

চলমান পাতা-১২

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৩। | শহীদ সরণি ও স্বাধীনতা সরণিস্থ বিভিন্ন স্থানের ইলেকট্রিক বক্স সরবরাহ ও স্থাপন (গ্রুপ-ঠ)। | ৫৪,৭৫৭/-টাকা | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স | ০৯.৯০% উর্ধ্বে | ০৬.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৪। | স্টাফ রোড হতে সিএমএইচ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, সিগন্যাল বাতির পোল, বিউটি স্পট, জি আই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়াসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ (গ্রুপ-ড)। | ৩৩,০৩৫/-টাকা | মেসার্স দি আজাদ কনষ্ট্রাকশন এন্ড কোং | ০৭.০০% উর্ধ্বে | ০৯.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৫। | স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে রোড মার্কিং কাজের জন্য বার্জার পেইন্ট কোম্পানীর রং ও থিনার ক্রয় (গ্রুপ-ঢ)। | ২,০০,০০০/-টাকা | বার্জার পেইন্ট বাংলাদেশ লিঃ | সাদা রং= ১১০৩.৪৮ × ১৩০ গ্যালন =১,৪৩,৪৫২.৪০ টাকা হলুদ রং =১১০৩.৪৮ × ২০ গ্যালন= ২২,০৬৯.৬০ টাকা থিনার = ৪৩৭.০৮ × ৭০ গ্যালন= ৩০,৫৯৫.৬০ টাকা | সাদা রং= ১১০৩.৪৮ × প্রতি গ্যালন হলুদ রং =১১০৩.৪৮ ×প্রতি গ্যালনা থিনার = ৪৩৭.০৮ × প্রতি গ্যালন | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৬। | স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে মেশিনের সাহায্যে রোড মার্কিং কাজে লেবার চার্জ (গ্রুপ-ণ)। | ৮০,০০০/-টাকা (২২,৮৫৭.১৪ বঃফুঃ) | মেসার্স হাবিব ট্রেডিং | প্রতি বঃফুঃ ৩.৫০ টাকা | প্রতি বঃফুঃ ৩.০০ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৭। | স্টাফ কোয়ার্টার নং-৪/এ হতে ৪/ডি পর্যন্ত মেরামত ও সাজসজ্জাকরণ। | ১,৩২,৪৮১/-টাকা | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ১২.২০% উর্ধ্বে | ০৬.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৮। | স্টাফ কোয়ার্টার নং-২৫/ডি এর ০৬(ছয়)টি বাসা মেরামত ও সাজসজ্জাকরণ। | ১,৫৯,৩৭২/-টাকা | মেসার্স এম আর আমিন ট্রেডার্স | ০৯.৯৯% উর্ধ্বে | ০৬.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৯। | স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি এর ১৫(পনের) টি বাসা মেরামত ও সাজসজ্জাকরণ। | ২,৬৫,০০০/-টাকা | মেসার্স ফ্রেন্ডস কর্ণার | ০৯.৫০% উর্ধ্বে | ০৬.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২০। | স্টাফ কোয়ার্টার নং-৬৫-ডি/১ গতে ৬৫-ডি/৪ পর্যন্ত মেরামত ও সাজসজ্জাকরণ। | ৭৯,৭২৫/-টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ০৯.৯৫% উর্ধ্বে | ০৬.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ২০(বিশ) টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রকল্পসমূহের দর বর্তমানে চলমান এম ই এস এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিং করা হয়েছে। উল্লেখিত কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। বোর্ডসভায় নিম্নলিখিত দর অনুমোদন করা হলো এবং বোর্ডসভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতিপত্রগ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হোকঃ-

(১) ১০.০০ % উর্ধ্ব দর অনুমোদিত।
(২) ১০.০০ % উর্ধ্ব দর অনুমোদিত।
(৩) ০৯.০০% নিম্ন দর অনুমোদিত।
(৪) ০৯.০০% নিম্ন দর অনুমোদিত।
(৫) ০৯.০০% নিম্ন দর অনুমোদিত।
(৬) ০৯.০০% নিম্ন দর অনুমোদিত।
(৭) ০৯.০০% নিম্ন দর অনুমোদিত।
(৮) ০৯.০০% নিম্ন দর অনুমোদিত।
(৯) ০৯.০০% নিম্ন দর অনুমোদিত।

চলমান পাতা-১৩

(১০) ০২.০০% নিম্ন দর অনুমোদিত।
(১১) ০২.০০% নিম্ন দর অনুমোদিত।
(১২) ০২.০০% নিম্ন দর অনুমোদিত।
(১৩) ০৬.০০% নিম্ন দর অনুমোদিত।
(১৪) ০২.০০% নিম্ন দর অনুমোদিত।
(১৫) সাদা রং= ১১০৩.৪৮ × প্রতি গ্যালন =১,৪৩,৪৫২.৪০ টাকা
হলুদ রং =১১০৩.৪৮ × প্রতি গ্যালন= ২২,০৬৯.৬০ টাকা
থিনার = ৪৩৭.০৮ × প্রতি গ্যালন= ৩০,৫৯৫.৬০ টাকা
(১৬) প্রতি বর্গফুট ৩/-(তিন) টাকার দর অনুমোদিত।
(১৭) ০৬.০০% নিম্ন দর অনুমোদিত।
(১৮) ০৬.০০% নিম্ন দর অনুমোদিত।
(১৯) ০৬.০০% নিম্ন দর অনুমোদিত।
(২০) ০৬.০০% নিম্ন দর অনুমোদিত।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/১০/০৫

( মোঃ আব্দুল্লাহ আল মামুন )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।